# জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

৫৯: কবরের উপর লেখা অথবা কবর রঙীন করার বিধান কি?

কবর রঙীন করা কবরকে চুনকাম বা প্লাস্টার করার মতই। আর রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম কবরকে চুনকাম বা প্লাস্টার করতে নিষেধ করেছেন।[1] এছাড়া এটি মানুষের মধ্যে গর্ব-অহংকার সৃষ্টির একটি মাধ্যম। ফলে এর মাধ্যমে কবরসমূহ অহংকারের স্থান হিসাবে পরিগণিত হবে। অতএব, তা পরিত্যাগ করা উচিৎ।

এমনিভাবে রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম কবরে লিখতে নিষেধ করেছেন।[2] তবে লেখা যদি কেবলমাত্র পরিচয় দানের উদ্দেশ্যে হয় এবং তাতে কোন প্রশংসার উল্লেখ না থাকে, তাহলে সেক্ষেত্রে কতিপয় আলেম শিথিলতা প্রদর্শন করেছেন। তারা বলেছেন, লেখাতে যদি মৃত ব্যক্তির সম্মান প্রকাশ পায়, তাহলে তা রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর নিষেধাজ্ঞার অন্তর্ভুক্ত হবে। কেননা কবরে লেখা থেকে নিষেধকে কবর পাকা করা থেকে নিষেধের সাথে তুলনা করা হয়েছে।

## ফুটনোট

[1]. হাদীছটি জাবের রাদিয়াল্লাহু ‘আনহু বর্ণনা করেন (মুসলিম, ‘জানাযা’ অধ্যায়, হা/৯৭০)।

[2]. জাবের রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, রাসূল (ছাঃ) কবর পাকা করতে, কবরে লিখতে, কবরের উপর ভবন বানাতে এবং কবর পদদলিত করতে নিষেধ করেছেন (আবূ দাউদ, ‘জানাযা’ অধ্যায়, হা/১০৫২; ইবনু মাজাহ, ‘জানাযা’ অধ্যায়, হা/১৫৬২-১৫৬৪; শায়খ আলবানী (রহেমাহুল্লাহ) হাদীছটিকে ‘ছহীহ’ বলেছেন)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1716

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন